মেহেরপুরে আরও দুই জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও দুই জন করোনায় আক্রান্ত হয়েছেন। তারা সকলেই সদরে বাসিন্দা।

আজ সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৪ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে দুই জনের। আর নেগেটিভ আসে ১২ জনের। নমুনা পাঠানো হয়েছে ২১ টি।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৬৪২৪ টি, সর্বমোট পজিটিভ ৮৮৯ জন, সুস্থ ৭৬০ জন, মৃত্যু ১৮ জন ও ট্রান্সফার্ড ৬৪ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ৪৫ টি (সদরে ১৭ গাংনীতে ১৯মুজিবনগরে ০৯)। ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১১৯ জন।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুরের হরিরামপুরের ইসরাফিল হোসেন (২৯) ও শুভরাজপুরের আলিহিম মোল্লাহ (৬৫)।

গাংনীতে করোনা উপসর্গ নিয়ে যুবকের মৃত্যু

মেহেরপুর গাংনীতে করোনা উপসর্গ নিয়ে জুয়েল রানা (৪০) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

রবিবার রাত ১১ টা ২০ মিনিটে গাংনী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত জুয়েল রানা গাংনী উপজেলার মাইলমারি গ্রামের কাশেম মাস্টারের ছেলে। বর্তমানে তিনি গাংনী উত্তর পাড়ার বাসিন্দা।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মরত ডাক্তার দেবাশীষ বিশ্বাস মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, তিন দিন ধরে তিনি

বাসাতেই জ্বর, সর্দি, কাশি শ্বাসকষ্টে ভুগছিলেন। রাতে হাসপাতালে নিয়ে আসার আগে তোর মৃত হয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে তিনি করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে।

মেহেরপুরে করোনায় আরও এক জনের মৃত্যু, আক্রান্ত ৩ জন

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আক্রান্ত হয়ে মোমেজান নেছা
(৭০) নামের আরো এক জনের মৃত্যু হয়েছে।

তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামের বাসিন্দা। তিনি কুষ্টিয়া সরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু বরণ করেন। এ নিয়ে জেলায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ১৮ জনে।

এ দিকে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৩ জন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১০৯ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৮৭৯ টি।

আজ মঙ্গলবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ২৩ টি। এর মধ্যে নতুন করে ৩ জন (সদরে- ২, গাংনীতে- ১) করোনা রোগী শনাক্ত হয়েছে। নমুনা পাঠানো হয়েছে ২২ টি।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে পজিটিভ সংখ্যা ৫৭(সদরে- ২৮, গাংনীতে- ২১, মুজিবনগরে- ৮) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৩৪৫ টি। মৃত্যু- ১৮ জন (সদর- ৯, গাংনী- ৭, মুজিবনগর- ২), সুস্থ্য- ৭৩৯ জন, ট্রান্সফার্ড- ৬৩ জন।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের বড়বাজারের নাজিমন নেছা (৮০), ২ নম্বর ওয়ার্ডের মারুফুজ্জামান (৪০) ও গাংনী উপজেলা হাড়াভাঙার গ্রামের মহিবুল (৬৪)।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

শৃঙ্খলা ভঙ্গের দায়ে অব্যাহতি

প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ভঙ্গের দায়ে মেহেরপুর প্রতিদিনের যুগ্ম সম্পাদক মো: আল-আমীন, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক ও স্টাফ রিপোর্টার ফয়সাল আহমেদকে অব্যাহতি দেওয়া হয়েছে।
এ বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে উপরোক্ত তিন জনের সঙ্গে মেহেরপুর প্রতিদিনের সকল সম্পর্ক ছিন্ন হয়েছে। উপরোক্ত তিনজনের সাথে মেহেরপুর প্রতিদিন সম্পর্কিত সকল প্রকার সংবাদ, বিজ্ঞাপন আদান-প্রদানসহ আর্থিক (নগদ/চেক) লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
এ বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে তাদের সাথে কোন ধরণের আর্থিক কিংবা অন্যকোন লেনদেন কেউ বা কোন প্রতিষ্ঠান করে থাকলে তার দায়ভার মেহেরপুর প্রতিদিন নেবে না।

– সম্পাদক

মেহেরপুরে নতুন ১০ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আরো ১০ জন আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ৬৩ জনে।

গতকাল শনিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন

জানান, ফলাফল এসেছে ৪০টি। এর মধ্যে নতুন করে ১০ জন (সদর-৪, গাংনী-২, মুজিবনগর-৪), করোনা রোগী শনাক্ত হয়েছে।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ৫৯ (সদর-৩৬, গাংনী- ১৬, মুজিবনগর- ৭) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬২৭১ টি। মৃত্যু- ১৭ জন (সদর- ৯, গাংনী- ৬, মুজিবনগর- ২), সুস্থ্য- ৭২৩ জন (সদর- ৪০৫, গাংনী-২৩৩, মুজিবনগর- ৮৫), ট্রান্সফার্ড- ৬২ জন (সদর- ৪৬, গাংনী- ১৪, মুজিবনগর- ২)।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের ফৌজদারি পাড়ার সেলিনা আক্তার (৪৯), শাহাজিপাড়ার মোমেনা (৬১), গোপালপুরের মনোয়ারা (৫০), গাংনী উপজেলার কাথুলীর মোমেজান নেছা (৭০), মটমুড়ার শফিউল আযম (৬২) ও মুজিবনগর উপজেলার বাগোয়ানের আমিরুল ইসলাম (২৮), গোপালপুরের ছালেহার খাতুন (৫০), সুমিতা আক্তার (১৫), শমসের আলী (৬২) ও আটকবরের বিল্লাল হোসেন (৫৫)।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কলেরা স্যালাইন থাকলেও পাচ্ছেনা রোগীরা

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কলেরা স্যালাইন সরবরাহ থাকলেও পাচ্ছেনা রোগীরা। ডাইরিয়া আক্রান্ত রোগীরা কলেরা স্যালাইন না পেয়ে বিভিন্ন ফার্মেসী থেকে ক্রয় করে শরীরে পুশ করতে হচ্ছে বলে অভিযোগ রোগীদের। তবে স্টোর কিপার বলছেন কলেরা স্যালাইন আছে।

জানাগেছে, বৃহস্পতিবার সকালে আবু জায়েদ নামের এক ছয় মাসের শিশু

ডাইরিয়া আক্রান্ত হয়ে ভর্তি হয় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। তার শরীরে কলেরা স্যালাইন দিতে ব্যাবস্থাপত্র করেন। ব্যাবস্থাপত্র নিয়ে ওয়ার্ডে দায়িত্বরত নার্সকে দিলে তিনি কলেরা স্যালাইন সাপ্লাই নেই বলে ফার্মেসী থেকে কিনে আনতে বলেন। রোগীর মা অন্যের কাছে টাকা ধার করে স্যালাইন কিনে নিয়ে যান।

এ বিষয়ে স্বাস্থ্য কমপ্লেক্সের স্টোর কিপার দবীরউদ্দীন বলেন, কলেরা স্যালাইন সাপ্লাই আছে। নার্স তাদের ওয়ার্ডের চাহিদা অনুযায়ী তুলে রাখেন। সে দায়িত্ব নার্সদের। আমার সাথে চাহিদা দিলেই সাথে সাথে ওয়ার্ডে চাহিদা অনুযায়ী ঔষধ সরবরাহ করা হয়।

তাছাড়া বর্তমানে সকল বয়সের মানুষের ডাইরিয়া হচ্ছে একটু বেশি করে চাহিদা দিলে রোগীরা হয়রানী তবেনা। ওই রোগীর সাথে যা হয়েছে তা কিছুটা অবহেলা মাত্র।

গাংনী উপজেলা পঃপঃ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এমকে রেজা বলেন, হাসপাতা সরকারি ঔষধ থাকা সত্বেও নার্স যদি রোগীদের দিয়ে ওষুধ ক্রয়ে বাধ্য করেন তা ক্ষতিয়ে দেখা হবে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় মুরগি ব্যবসায়ী নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজার থেকে পাখি ভ্যানে বাড়ি যাবার পথে রাজা (২৫) নামের এক মুরগি ব্যবসায়ী নিহত হয়েছেন। রাজা গাংনী উপজেলার মহেশপুর গ্রামের তরিকুল ইসলামের ছেলে। আজ সোমবার সন্ধ্যায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত রাজার পারিবারিক সূত্রে জানা গেছে , রাজা প্রতিদিনের ন্যায় ব্যবসা শেষে নিজের পাখি ভ্যান নিয়ে সন্ধ্যায় বাড়ি ফিরছিলেন ।

মহেশপুরের মাঝামাঝি স্থানে পৌঁছালে মাটি ভর্তি একটি ট্রলি ধাক্কা দিলে রাজা ছিটকে পড়ে যায়। এসময় সে মারাত্মক আহত হন।

স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে

আসেন।স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক রাজাকে দেখে মৃত্যু খবর নিশ্চিত করেন।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান এ ঘটনায় ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে এসবি সুপার ডিলাক্স পরিবহনে জরিমানা

সরকার ঘোষিত সাত দিনের লকডাউনের প্রথম দিনে গণপরিবহন চলাচল নিষেধ থাকা সত্বেও তা না মেনে বাস চালানোর অপরাধে এসবি সুপার ডিলাক্স এর চালক কে এক হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।
রাস্তায় বাস চালানো ও যাত্রী ওঠা নামা করা গণপরিবহন আইন ভঙ্গ হয়েছে এ অপরাধে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট নুর ই আলম সিদ্দিকী এ জরিমানা আদায় করেন।
আদালত সুত্রে জানায়, এসবি সুপার ডিলাক্স নামের একটি দুরপাল্লার বাস-(ঢাকা মেট্রো-ব-১৫-৩৩৮০) মেহেরপুর থেকে যাত্রী নিয়ে কুষ্টিয়া যাবার সময় গাংনী বাজারে থাকা ভ্রাম্যমাণ আদালতের একটি টিম বাসটিকে আটক করেন। এসময় বাসের মধ্যে যাত্রী থাকায় বাস চালক অনিমেষ কে এক হাজার টাকা জরিমানা করেন। এসময় গাংনী থানার ওসি রজলুর রহমান ও তদন্ত ওসি সাজেদুল ইসলামসহ পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

দরপত্র ছাড়াই স্কুলের গাছ বিক্রি করলেন প্রধান শিক্ষক

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়া বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে স্কুলের দুটি গাছ বিক্রির অভিযোগ করেছেন স্থানীয়রা। দরপত্র ছাড়া গাছ বিক্রির কোনো নিয়ম নেই বললেন মাধ্যিমিক শিক্ষা অফিসার। প্রধান শিক্ষক বলছেন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বিক্রি করা যাবে।

স্থানীয় সুত্রে জানা গেছে, কোন টেন্ডার ছাড়াই প্রায় ৫০ হাজার টাকা মুল্যের দুটি মেহুগনি গাছ নাটকীয় কায়দায় সাড়ে ২৭ হাজার টাকায় বিক্রি করেন প্রধান শিক্ষক ওহেদুল হক আসাদ। বিদ্যালয়ের গাছ বিক্রির ঘটনায় শুরু হয়েছে নানা আলোচনা।

বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক জানান, ইতিপূর্বেও বিদ্যালয়ের অনেক গাছ বিক্রয় করেছেন তিনি শুধুমাত্র একটি রেজুলেশন করে গাছ বিক্রি করেন এবারও তিনি দুটো গাছ বিক্রি করেন রেগুলেশন করেই। সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি জানান শুধুমাত্র সভাপতি কে ম্যানেজ করেই এসব কাজকর্ম চালিয়ে যাচ্ছেন তিনি।

গাছ ক্রেতা বেতবাড়িয়া গ্রামের বকুল বেপারী জানান, টেন্ডার ফেন্ডার বুঝিনি। হেড স্যার বললেন গাছ বেচব। কম দামে পেলাম, লাভের আশায় কিনেছি।

অভিযুক্ত প্রধান শিক্ষক ওয়াহেদুল হক আসাদ জানান, গাছ বিক্রি করতে টেন্ডার দিতে হয় আমার জানা ছিল না। তাছাড়া এখানে একটি ভবন নির্মাণ করা হবে এ ভবন নির্মান কাজের ঠিকাদার গাছ কেটে ফেলার জন্য তাগাদা দিলে আমরা গাছ দুটি বিক্রি করি।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার জানান, ি শক্ষা প্রতিষ্ঠানের গাছ টেন্ডার ছাড়া বিক্রির কোনো সুযোগ নেই । তবে উনি যদি টেন্ডার ছাড়াই বিক্রি করে থাকেন তাহলে অবশ্যই ভুল করেছেন।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সেলিম শাহনেওয়াজ জানান, প্রধান শিক্ষক যদি টেন্ডার ছাড়া গাছ বিক্রি করে

থাকে আমরা তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করব।

গাংনীতে ২দিন ব্যাপী উন্নয়ন মেলা সমাপ্ত

বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে গাংনীতে উন্নয়ন মেলা ২০২১ এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত উন্নয়ন মেলার সমাপনি অনুষ্ঠানে অলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে আলোচনা করেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন।

তিনি বলেন, যারা আজ ভারতের প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদীর বাংলাদেশ সফর নিয়ে আন্দোলন করছেন তারা মোদীর বিরুদ্ধে নয় স্বাধীনতার বিরুদ্ধে আন্দোলন করছে। যারা এর নেপথ্যে কাজ করছে তারাই অতিতে ভারতের চাটুকারিতা করেছে। যে কোন ইস্যু নিয়ে হট্টোগল করা হচ্ছে,মসজিদ মাদ্রাসায় যারা আলোচনার মাধ্যমে মানুষকে ধর্মীয় অনুভুতিতে আঘাত করে বিশৃঙ্খলার চেষ্টা করবে বা উস্কানি দেবে তাদের অংকুরেই দমন করা হবে। এর জন্য প্রশাসনকে তৎপরতার সাথে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন এমপি সাহিদুজ্জামান খোকন। তিনি আরো বলেন দেশ আজ উন্নয়নের ধারাবাহিকতায় বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়িয়েছে ঠিক তখনই স্বাধীনতা বিরোধী শক্তিদের গায়ে জ্বালা ধরেছে। তবুও বর্তমান সরকার উন্নয়ন করেছে। উন্নয়ন হয়েছে এবং এ উন্নয়নের ধারা অব্যাহত থাকবে ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। তিনি বলেন, বাংলাদেশের যত উন্নয়ন হয়েছে তা বর্তমান আওয়ামীলীগ সরকারের আমলেই হয়েছে। আওয়ামীলীগ সরকার যখনই ক্ষমতায় আসে তখই উন্নয়ন হয়। আর স্বাধীনতা বিরোধী শক্তি ক্ষমতায় আসলে লুট তরাজে লিপ্ত হয়। তিনি আরো বলেন দেশে অরাজকতা সৃস্টিকারিদের বিরুদ্ধে কঠোর